

# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৮৩

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصِلُ الْأُوَّلُ

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الدُّنْيَا كُلُّهَا مَتَاعٌ وَحَيْدُ مَتَاعٍ الدُّنْيَا الْمَرْأَة الصَّالِحَة» . رَوَاهُ مُسلم

#### বাংলা

৩০৮৩-[8] 'আব্দুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দুনিয়ার সমস্ত কিছুই (তুচ্ছ ও ক্ষণস্থায়ী) ধন-সম্পদ। (তন্মধ্যে) মুসলিম সতীসাধ্বী রমণী সর্বশ্রেষ্ঠ ধন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৪৬৭, নাসায়ী ৩২৩২, আহমাদ ৬৫৬৭, সহীহ আল জামি ৩৪১৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: দুনিয়ার ভোগসামগ্রী অতি সামান্য। আল্লাহ তা'আলা বলেনঃ হে রসূল! আপনি বলুন দুনিয়ার ভোগবিলাশ অতি নগণ্য"- (সূরা আন্ নিসা ৪ : ৭৭)। এ মর্মে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ তা'আলার কাছে দুনিয়া যদি একটি মশার ডানার সমতুল্য হত তাহলে কাফিরদেরকে দুনিয়াতে পানিও পান করতে দিতেন না। (তুহফাতুল আহওয়ায়ী মে খন্ড, হাঃ ২৩২০)

আর দুনিয়ার উত্তম উপভোগ্য হলো সতী নারী, কারণ এটা আখিরাতের কর্মের উপর নির্ধারিত। আর আল্লাহ তা'আলার কথা, ''হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে কল্যাণ দান করুন''- (সূরা আল বাকারা ২ : ২০) 'আলী এর ব্যাখ্যা করেছেন সতী নারী ও 'আখিরাতে কল্যাণ দান করুন' এর ব্যাখ্যা করেছেন জান্নাতের হূর। অর্থাৎ- আখিরাতে জান্নাতী হূর দানের মাধ্যমে কল্যাণ দান করুন।



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন